**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 26–06–2024**
**Time: 07:55-08:05 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

---

**Headlines :**

**(১) কৃষিমন্ত্রী রতনলাল নাথ জানিয়েছেন, রাজ্য সরকার রাজ্যে বিভিন্ন সময়ে প্রাকৃতিক দুর্যোগে ক্ষতিগ্রস্থ কৃষকদের আর্থিক সহায়তা প্রদানের সিদ্ধান্ত নিয়েছে ।**

**(২) অষ্টাদশ লোকসভার অধ্যক্ষ নির্বাচিত হলেন প্রবীণ বিজেপি সাংসদ ওম বিড়লা ।**

**(৩) বন দপ্তরের উদ্যোগে আমবাসায় ৭৫তম রাজ্যভিত্তিক বনমহোৎসব উদযাপিত ।**

**(৪) রাজ্যভিত্তিক সুব্রত মুখার্জি কাপ অনুর্ধ্ব সতেরো বালিকা বিভাগের ফুটবল প্রতিযোগিতা আগামী চৌঠা জুলাই থেকে কৈলাশহরে শুরু হচ্ছে ।**

**********************************************

**Agri Minister :**

কৃষিমন্ত্রী রতনলাল নাথ জানিয়েছেন, রাজ্য সরকার রাজ্যে বিভিন্ন সময়ে প্রাকৃতিক দুর্যোগে ক্ষতিগ্রস্থ কৃষকদের আর্থিক সহায়তা প্রদানের সিদ্ধান্ত নিয়ছে। আজ মহাকরণে এক সাংবাদিক সম্মেলনে কৃষিমন্ত্রী জানান, রাজ্যে ৮১ হাজার ৩০১ জন কৃষক ২৩ কোটি ২১ লক্ষ টাকারও বেশি এই ক্ষতিপূরণ পাবেন। ডিবিডি-র মাধ্যমে এই টাকা

কৃষকদের একাউন্টে ঢুকবে। এব্যাপারে আগামী চৌঠা জুলাই দক্ষিণ জেলার জোলাইবাড়িতে এক অনুষ্ঠানের মাধ্যমে এই টাকা হস্তান্তর করা হবে বলে তিনি জানান। কৃষিমন্ত্রী বলেন, SDRF অর্থাৎ স্টেট ডিজাস্টর রেসপন্স ফান্ড এবং প্রধানমন্ত্রী ফসল বিমা যোজনায় কৃষকদের এই ক্ষতিপূরণ দেওয়া হবে। তিনি জানান, গত বছর ১৬, ১৭, ১৮ই নভেম্বর দুর্যোগে রাজ্যের ৫৮ হাজার ২১০ জন ধান চাষী ক্ষতিগ্রস্থ হয়েছেন। ২৩ হাজার ১৭১ হেক্টর জমির ফসল নষ্ট হয়েছে, এতে ক্ষতিপূরণ বাবদ মেটানো হবে ১৪ কোটি ৫৮ লক্ষ ৯৪ হাজার টাকা। দক্ষিণ জেলাতেই সবচেয়ে বেশি ১৪ হাজার ৮০১ জন কৃষক ক্ষতিগ্রস্থ হয়েছেন, এরপর গোমতি জেলায় ৯ হাজার ৬১৬ জন এবং পশ্চিম জেলায় ৬ হাজার ৭৩৬ জন কৃষক ক্ষতিগ্রস্থ হয়েছেন। কৃষদের সর্বনিম্ন ১ হাজার টাকা থেকে সর্বোচ্চ ১৮ হাজার ৭৮৯ টাকা ক্ষতিপূরণ দেওয়া হবে। কৃষিমন্ত্রী বলেন, ধান ছাড়াও উদ্যান জাত ফসলেও ২০ হাজার ৭৮ জন কৃষক ক্ষতিগ্রস্থ হয়েছে। টমেটো, বাধাকপি, লংকা, শসা, ফুল, পান ইত্যাদি ফসলের ক্ষতি হওয়ায় কৃষকরা ৭ কোটি ৩৮ লক্ষ ২৪ হাজার টাকা ক্ষতিপূরণ পাবেন। তিনি বলেন, গত বছর ডিসেম্বর মাসেও প্রাকৃতিক দুর্যোগে কৃষকরা ক্ষতিগ্রস্থ হয়েছেন। SDRF-এর মাধ্যমে ৮৭৪ জন ও প্রধানমন্ত্রী ফসল বীমা যোজনায় ২ হাজার ১৩৯ জন কৃষককে এই ক্ষতিপূরণ দেওয়া হবে।

**************************

**Agri Appoinment :**

কৃষিমন্ত্রী রতনলাল নাথ আজ মহাকরণে সাংবাদিক সম্মেলনে জানিয়েছেন, কৃষি দপ্তরের কৃষি অফিসার পদে ৫৯ জনকে নিয়োগের উদ্যোগ নেওয়া হয়েছে। এই পদে নিয়োগের জন্য নির্বাচিত প্রার্থীদের তালিকা দেবার জন্য শীঘ্রই টিপিএসসি-কে

অনুরোধ করা হবে। তিনি জানান, মুখ্যমন্ত্রীর নির্দেশ পেলে পঞ্চায়েত নির্বাচনের আগে কৃষি অফিসার পদে ৫৯ জনকে অফার দেওয়া হবে।

*****************************

**OM Birla-loksabha speaker :**

অষ্টাদশ লোকসভার অধ্যক্ষ নির্বাচিত হলেন প্রবীণ বিজেপি সাংসদ ওম বিড়লা। আজ ধ্বনিভোটে লোকসভার অধ্যক্ষ নির্বাচিত হয়েছেন তিনি। ওম বিড়লার কাছে হেরে গেলেন বিরোধীদের প্রার্থী তথা কংগ্রেস সাংসদ কে সুরেশ।

প্রায় ৪৮ বছর বাদে আজ লোকসভার স্পিকার পদে শাসক বনাম বিরোধী জোটের লড়াই হল। উল্লেখ্য, স্বাধীন ভারতের ইতিহাসে মাত্র তিন বার স্পিকার পদে ভোটাভুটি হয়েছে। প্রথমবার ১৯৫২ সালে। দ্বিতীয়বার ১৯৬৭ সালে। তৃতীয়বার জরুরি অবস্থার পরে, ১৯৭৬ সালে।

অধ্যক্ষ ওম বিড়লাকে শুভেচ্ছা জানিয়েছেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী, কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ, লোকসভায় বিরোধী দলনেতা রাহুল গান্ধী ও সংসদীয় মন্ত্রী কিরণ রিজিজু।

******************************

**International Anti-Drug Day :**

আজ আন্তর্জাতিক মাদক অপব্যবহার ও অবৈধ পাচার বিরোধী দিবস অর্থাৎ আন্তর্জাতিক মাদক বিরোধী দিবস। এই উপলক্ষে সারা দেশের সঙ্গে রাজ্যেও বিভিন্ন স্থানে রেলী এবং নানা সচেতনতামূলক অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে। রাজ্য পুলিশ

এবং মাদক নিয়ন্ত্রণ বিভাগ (এন সি বি) এর যৌথ উদ্যোগে আজ সকালে আগরতলায় সচেতনতামূলক এক মোটরসাইকেলের রেলি অনুষ্ঠিত হয়। আগরতলার হেরিটেজ পার্কের কাছ থেকে এই রেলির সূচনা করেন রাজ্য পুলিশের ক্রাইম ব্রাঞ্চ'এর আই জি এল ডার্লং। মোটরসাইকেল র‍্যালিতে পুলিশ, সিআরপিএফ, বিএসএফ অংশ নেয়।

সিপাহীজলা জেলা প্রশাসনের সহযোগিতায় ও জেলা শিক্ষা বিভাগের উদ্যোগে আজ বিশালগড় পুরাতন টাউন হলে আন্তর্জাতিক মাদক বিরোধী দিবস পালন করা হয়। অনুষ্ঠানের উদ্বোধন করেন বিধায়ক সুশান্ত দেব।

*****************************

**International Day Against Drug-South :**

আন্তর্জাতিক মাদক বিরোধী দিবসে আজ দক্ষিন জেলা পুলিশ অধীক্ষকের অফিস, বিলোনিয়া, সাব্রুম ও শান্তিরবাজার মহকুমা পুলিশ আধিকারিকের অফিসে এবং জেলার ৭টি থানা এলাকার স্কুল ও থানা চত্বরে নানা কর্মসূচি পালিত হয়। দক্ষিণ জেলা পুলিশ অধীক্ষকের অফিসে শপথ গ্রহন অনুষ্ঠানে উপস্হিত ছিলেন দক্ষিণ জেলা পুলিশ অধীক্ষক অশোক কুমার সিনহা।

******************************

**Anti Drug Day-Unakoti :**

নানা কর্মসূচির মধ্য দিয়ে ঊনকোটি জেলা সদর কৈলাশহরেও আজ পালিত হয় আন্তর্জাতিক মাদক অপব্যবহার ও পাচার বিরোধী দিবস। এই উপলক্ষে কৈলাশহরের ভগবাননগর মাধ্যমিক বিদ্যালয়ে পুলিশ প্রশাসনের উদ্যোগে এক অনুষ্ঠানের আয়োজন

করা হয়। এখানে দিবসটির তাৎপর্য ও গুরুত্ব নিয়ে আলোকপাত করা হয়। বক্তব্য রাখেন, পুলিশ ইন্সপেক্টর মিখালা দারলং, A.S.I নিহার চিসিম, বিদ্যালয়ের ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক বিকাশ মালাকার প্রমুখ। এদিকে ঊনকোটি জেলার চাইল্ড হেলপ লাইন এর উদ্যোগে আজ কৈলাশহরের কাচেরঘাটের রামচরণ উচ্চ বিদ্যালয়ে দিবসটি পালন উপলক্ষে এক আলোচনাসভা অনুষ্ঠিত হয়। অন্যদিকে বিদ্যালয় শিক্ষা দপ্তরের উদ্দোগেও বিভিন্ন মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক বিদ্যালয়ে নানা কর্মসূচির মধ্য দিয়ে দিনটি উদযাপিত হয়েছে।

******************************

**Bankimchandra Chattopadhaya-Tourism Minister :**

তথ্য ও সংস্কৃতি দপ্তরের উদ্যোগে আজ আগরতলার রবীন্দ্র শতবার্ষিকী ভবনে সাহিত্য সম্রাট বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়ের জন্মজয়ন্তী উদযাপন উপলক্ষে এক শ্রদ্ধাঞ্জলি অনুষ্ঠানের আয়োজন করা হয়। অনুষ্ঠানে উদ্বোধন করে পর্যটনমন্ত্রী সুশান্ত চৌধুরী বলেন, সাহিত্য সম্রাট বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়ের প্রতিটি সৃষ্টিতে রয়েছে দেশপ্রেমের ছোঁয়া। ভারতবর্ষের স্বাধীনতা আন্দোলনে তাঁর রচিত 'বন্দেমাতরম' গানের ভূমিকা তুলনাহীন। এই গান আজও ভারতবর্ষের জাতীয়তাবোধের মূল ভিত্তি। অনুষ্ঠানে পর্যটনমন্ত্রী সহ অন্যান্য অতিথিগণ প্রথমে বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়ের প্রতিকৃতিতে মাল্যদান করে শ্রদ্ধা নিবেদন করেন। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন তথ্য ও সংস্কৃতি দপ্তরের সচিব ড. প্রদীপ কুমার চক্রবর্তী, রাজ্যভিত্তিক সাংস্কৃতিক উপদেষ্টা কমিটির ভাইস চেয়ারম্যান সুব্রত চক্রবর্তী, বিশিষ্ট শিক্ষাবিদ মণীশ

রুদ্রপাল। অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন তথ্য ও সংস্কৃতি দপ্তরের অধিকর্তা বিম্বিসার ভট্টাচার্য।

*************************

**Bankimchandra Chattopadhaya :**

ঊনকোটি জেলাভিত্তিক বঙ্কিমচন্দ্র জন্মজয়ন্তী অনুষ্ঠান আজ ঊনকোটি জেলার ফটিকরায় আম্বেদকর কলেজের অডিটরিয়ামে অনুষ্ঠিত হয়। আয়োজনে ছিল, তথ্য-সংস্কৃতি দপ্তর ও ব্যবস্থাপনায় ছিল কলেজের বাংলা বিভাগ। এই কর্মসূচির আনুষ্ঠানিক উদ্বোধন করেন, ঊনকোটি জিলা পরিষদের সভাধিপতি অমলেন্দু দাশ। প্রধান বক্তা হিসাবে উপস্থিত ছিলেন, অবসরপ্রাপ্ত অধ্যাপক সুজিত চক্রবর্তী।

এদিকে, আজ পানিসাগর টাউনহলে তথ্য ও সংস্কৃতি দপ্তর, শিক্ষা দপ্তর এবং পানিসাগর নগরপঞ্চায়েতের যৌথ উদ্যোগে উত্তর ত্রিপুরা জেলা ভিত্তিক সাহিত্যিক বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়ের জন্মজয়ন্তী উদযাপন করা হয়। শ্রদ্ধাঞ্জলি অনুষ্ঠানে উপস্থিত ছিলেন উত্তর জেলার জেলাপরিষদের সভাধিপতি ভবতোষ দাস, পানিসাগর পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান সঞ্জয় দাস, পানিসাগর নগরপঞ্চায়েতের ভাইস চেয়ারম্যান ধনঞ্জয় দেবনাথ।

***************************

**Newly Considered Veterinary Hospital Belonia :**

প্রাণিসম্পদ বিকাশ মন্ত্রী সুধাংশু দাস আজ বিলোনিয়া প্রাণী চিকিৎসালয়ের নতুন ভবনের দ্বারোদঘাটন করেন। অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন দক্ষিণ ত্রিপুরা জেলা পরিষদের সভাধিপতি কাকলি দাস দত্ত, সহকারী সভাধিপতি বিভীষন চন্দ্র

দাস, বিধায়ক স্বপ্না মজুমদার, বিলোনিয়া পুর পরিষদের চেয়ারপার্সন নিখিল চন্দ্র গোপ প্রমুখ।

*****************************

**BJP-South :**

বিজেপি সাব্রুম মন্ডলের উদ্যোগে আজ থাইবুং গ্রাম পঞ্চায়েতের হরিণা উচ্চ বিদ্যালয়ের মাঠে এক সভা অনুষ্ঠিত হয়। সভায় মৎস্য মন্ত্রী সুধাংশু দাস, বিজেপির দক্ষিণ জেলা সভাপতি শংকর রায় প্রমুখ বক্তব্য রাখেন।

***************************

**CPIM :**

সিপিএম পশ্চিম ত্রিপুরা জেলা কমিটির উদ্যোগে আজ শহরে মিছিল ও সমাবেশ সংগঠিত করা হয়। সিপিএম রাজ্য সম্পাদক জিতেন্দ্র চৌধুরী সমাবেশে বক্তব্য রাখতে গিয়ে বলেন, শিক্ষা, স্বাস্থ্য ও কর্মসংস্থানে দুর্নীতি ও নৈরাজ্যের বিরুদ্ধে এবং রাজ্যে কাজ, খাদ্য ও অবাধ পঞ্চায়েত নির্বাচনের দাবিতে আজ এই কর্মসূচি গ্রহণ করা হয়েছে। সমাবেশে বক্তব্য রাখেন সিআইটিইউ রাজ্য সভাপতি মানিক দে, সিপিএম পশ্চিম জেলা সম্পাদক রতন দাস সহ অন্যান্য নেতৃবৃন্দ।

***************************

**CPI(ML) :**

আজ ধর্মনগরের শনিছড়া বাজারে আসন্ন ত্রিস্তর পঞ্চায়েত নির্বাচন উপলক্ষে সিপিআই(এম এল) দলের কালাছড়া ও যুবরাজ নগর ব্লকভিত্তিক এক কর্মীসভা অনুষ্ঠিত হয়। সভায়

সর্বসম্মতিক্রমে কালাছড়া ব্লকের গোবিন্দপুর, নদীয়াপুর শনিছড়া, শনিছড়া, লক্ষীনগর ও পূর্ব হুরুয়া গ্রাম পঞ্চায়েতে ইন্ডিয়া জোটের পক্ষে লড়াই করার সিদ্ধান্ত গ্রহণ করা হয়।

*******************************

**State-wise Banamohotsav :**

বন দপ্তরের উদ্যোগে আজ আমবাসায় ৭৫তম রাজ্যভিত্তিক বনমহোৎসব উদযাপন করা হয়। বনমন্ত্রী অনিমেষ দেববর্মা অনুষ্ঠানের উদ্বোধন করেন। কুলাই দ্বাদশ শ্রেণী বিদ্যালয়ের মাঠে আয়োজিত এই অনুষ্ঠানে বক্তব্য রাখতে গিয়ে বনমন্ত্রী বন সৃজনের উপর গুরুত্ব আরোপ করে আরো বেশি করে বৃক্ষরোপনের জন্য জনগনের প্রতি আহ্বান জানান। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন বিধায়ক মনোজ কান্তি দেব, পল দাংশু, চিত্ত রঞ্জন দেববর্মা, নন্দিতা দেববর্মা রিয়াং, সপ্না দাস পাল প্রমুখ। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন ধলাই জেলা পরিষদের দায়িত্বপ্রাপ্ত সভাধিপতি অনাদি সরকার। এই বনমহোৎসবকে কেন্দ্র করে আজ সকালে বনদপ্তরের উদ্যোগে একটি সচেতনতামূলক রেলিও অনুষ্ঠিত হয়। তাছাড়া কুলাই দ্বাদশ শ্রেণী বিদ্যালয়ের মাঠের চারপাশে বৃক্ষ রোপন করেন উপস্থিত অতিথিবৃন্দ।

***********************

**Banamohotsav-Dipak Majumder :**

বনমহোৎসবকে উপলক্ষ্যে বুনিয়াদি শিক্ষা দপ্তর ও ড: বি আর আম্বেদকর স্কুলের ইকো ক্লাবের যৌথ উদ্যোগে আজ স্কুল প্রাঙ্গনে বৃক্ষরোপণ কর্মসূচির আয়োজন করা হয়। অনুষ্ঠানে আগরতলার পুর নিগমের মেয়র দীপক মজুমদার বলেন পরিবেশের ভারসাম্য

রক্ষায় গাছ লাগানো অত্যন্ত জরুরী। প্রধানমন্ত্রী আহ্বান রেখেছেন মা-র নামে একটি করে বৃক্ষ রোপন করা। কারণ মাকে যেমন আমরা শ্রদ্ধা করি, যত্ন করি, ঠিক সেইভাবে গাছকেও আমদের যত্ন করতে হবে।

**************************

**Distribution :**

গভর্নমেন্ট পেনশনার্স এসোসিয়েশন, ত্রিপুরা'র কৈলাশহর শাখার পক্ষ থেকে গতকাল কৈলাশহরের কিনাইরচর J.B স্কুলের ছাত্র-ছাত্রীদের মধ্যে শিক্ষণ সহায়ক সামগ্রী বিতরণ করা হয়। এরমধ্যে ছিল, খাতা, কলম, পেন্সিল ইত্যাদি। সংগঠনের প্রতিষ্ঠার সুবর্ণ জয়ন্তী উপলক্ষে ছাত্র-ছাত্রীদের মধ্যে এসব সামগ্রী বিতরণ করা হয়।

***************************

**Maan Ki Baat :**

তৃতীয়বারের মত প্রধানমন্ত্রীর পদে দায়িত্বভার গ্রহণের পর প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামী ৩০শে জুন আকাশবানীর মন-কি-বাত অনুষ্ঠানে দেশ বিদেশের জনগণের সাথে মত বিনিময় করবেন। এটি হলো মন-কি-বাত অনুষ্ঠানের ১১১তম পর্ব। জনগণ মন কি বাতের জন্য ভাবনা-চিন্তা ও পরামর্শ টোল-ফ্রী ১৮০০-১১-৭৮০০ নম্বরে শেয়ার করতে পারেন। এছাড়া নরেন্দ্র মোদী অ্যাপ অথবা মাইগভ ওপেন ফোরামে জমা দিতে পারেন। আগামী ২৮শে জুন পর্যন্ত এইসব পরামর্শ গ্রহণ করা হবে।

************************

**State Meet/Football :**

রাজ্যভিত্তিক সুব্রত মুখার্জি কাপ অনুর্ধ্ব সতেরো বালিকা বিভাগের ফুটবল প্রতিযোগিতা আগামী চৌঠা জুলাই থেকে কৈলাশহরে শুরু হচ্ছে। তিনদিনের এই রাজ্য আসরে রাজ্যের আট জেলা থেকে আটটি ও ত্রিপুরা স্পোর্টস স্কুল থেকে একটি মোট নয়টি ফুটবল দল অংশ নেবে। আসন্ন রাজ্য ফুটবলের আসরকে সামনে রেখে আজ বিকালে জেলা স্পোর্টস কমপ্লেক্সে এক প্রস্তুতি বৈঠক অনুষ্ঠিত হয়। উপস্থিত ছিলেন, ঊনকোটি জিলা পরিষদের সভাধিপতি অমলেন্দু দাশ, ক্রীড়া দপ্তরের সহ-অধিকর্তা অমিত কুমার যাদব প্রমুখ।

*************************

**Third Division League :**

ঘরোয়া তৃতীয় ডিভিশন লিগ ফুটবল প্রতিযোগিতার আজকের খেলায় সরোজ সংঘ বিশাল ব্যবধানে জয়লাভ করেছে। উমাকান্ত মিনি স্টেডিয়ামে অনুষ্ঠিত খেলায় সরোজ সংঘ ১৫-০ গোলে সবুজ সংঘকে হারিয়ে দেয়।

******************************

**Women's Football :**

মহিলাদের ঘরোয়া ফুটবল লিগের আজকের খেলায় ত্রিপুরা স্পোর্টস স্কুল বড় ব্যবধানে জয়লাভ করেছে। উমাকান্ত মিনি স্টেডিয়ামে সকালে অনুষ্ঠিত খেলায় ত্রিপুরা স্পোর্টস স্কুল ৮-০ গোলে চলমান সংঘকে পরাজিত করে।

*****************************